


14



শিক্ষাখন

উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষাদান পদ্ধতি

প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাদান পদ্ধতির মধ্যে যথেষ্ট মিল আছে। কিন্তু উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাদান পদ্ধতির মধ্যে দেখা যায় বেশ পার্থক্য। যার ফলশ্রুতিতে আমরা দেখতে পাই মাধ্যমিক পরীক্ষায় যারা কৃতিত্বের সাথে পাস করে, তাদেরই অনেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য হচ্ছে। এতে এক দিকে যেমন উচ্চ শিক্ষার্থীদের সংখ্যা হ্রাস পাচ্ছে তেমনি অপরদিকে বেকার ও অর্ধ বেকারের সংখ্যা বৃদ্ধি পেয়ে জাতীয় অর্থনীতিতে তার প্রভাব প্রতিফলিত হচ্ছে।

পার্থক্য হিসেবে লক্ষণীয়, প্রাথমিক ও মাধ্যমিক স্তরে শিক্ষকেরা প্রতিদিন প্রতিটি শিক্ষার্থীর নিকট থেকে পড়া আদায় করার চেষ্টা করেন। উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষকেরা অধিকাংশই কলেজের প্রথম দিন থেকে শুরু করে শেষদিন পর্যন্ত লেকচার দিয়েই কর্তব্য শেষ করেন। দ্বিতীয়তঃ প্রাথমিক ও মাধ্যমিক স্তরে প্রতি ছ'মাস পর একটি এবং তার পর প্রতি তিন মাস পর দু'টি পরীক্ষা অনুষ্ঠিত হয়ে শিক্ষাবর্ষ সমাপ্ত হয়। এদিকে উচ্চ মাধ্যমিক স্তরে প্রথম ও দ্বিতীয়বর্ষে মাত্র দু'টি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এমন কলেজের সংখ্যাই বেশী, যে সকল কলেজে মাত্র নির্বাচনী পরীক্ষা দিয়েও শিক্ষার্থীরা চূড়ান্ত পরীক্ষায় উপনীত হয়।

এমতাবস্থায় উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের পাসের হার বৃদ্ধিকল্পে কিছু বাস্তবমুখী পদক্ষেপ নেয়া অতীব প্রয়োজন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ভেবে দেখার জন্য আমার কতিপয় সুপারিশঃ

- ১। উচ্চ মাধ্যমিক স্তরে প্রতিটি শিক্ষাবর্ষে ন্যূনতম পক্ষে দু'টি পরীক্ষা নিতে হবে। যার ফলে, প্রথম পরীক্ষায় শিক্ষার্থীরা তাদের দুর্বলতা সম্পর্কে জানার পর শেষ (বা দ্বিতীয়) পরীক্ষায় ভাল করার সুযোগ পাবে।
- ২। প্রতি পনের দিন অন্তর একটি বিষয়ে অর্ধ ঘণ্টার পরীক্ষা নিতে হবে, যার ফলাফল চূড়ান্ত পরীক্ষায় যোগ করা হবে।
- ৩। প্রথমবর্ষের চূড়ান্ত পরীক্ষায়

মৌখিক পরীক্ষাও নিতে হবে। এর ফলাফলও পরীক্ষায় লঙ্ক নম্বরের সাথে যোগ করা হবে।

৪। নতুন পদ্ধতিকে শিক্ষার্থীদের নিকট গ্রহণীয় করে তোলার জন্য পরীক্ষায় যারা প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হবে, তাদের বৃত্তির ব্যবস্থা করতে হবে।

মাধ্যমিক স্তরে যদি এ সুপারিশ বাস্তবায়ন করা হয় তবে নিশ্চিতভাবে আশা করা যায়, অদূর ভবিষ্যতে আমাদের শিক্ষার্থীদের অধিকাংশই সহজে কৃতকার্যতা লাভে সক্ষম হবে আর এতে জাতি লাভ করবে তার যোগ্য নাগরিক।

—খন্দকার মামুন-অর-রশিদ